

তারিখ
পৃষ্ঠা	১
কলাম	৪

মাদ্রাসা সুপারের যৌন লিন্সার শিকার আট ছাত্রের জবানবন্দি

রংপুর সংবাদদাতা ॥ বদরগঞ্জ উপজেলার এক মাদ্রাসা সুপারের যৌন পীড়নের শিকার ১০ শিশু ছাত্রের মধ্যে বৃহস্পতিবার আট ছাত্রের ১৬৪ ধারায় জবানবন্দি গ্রহণ করেছেন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বশিরুল আলম। ঐ শিশুরা একাধিকবার মাদ্রাসা সুপার হাফেজ মাওলানা আবু তালেবের যৌন নিগ্রহের শিকার হয়েছে বলে আদালতকে জানিয়েছে। দামুদরপুর ইউনিয়নের আমরুলবাড়ী পলিপাড়া গ্রামের নছরুন নেজা হাফিজিয়া মাদ্রাসার সুপার শিশুদের ধর্মের দোহাই দিয়ে কুসলিয়ে দীর্ঘ দিন ধরে তাঁর বিকৃত কামলিপ্সা মেটাচ্ছিল। অতিষ্ঠ এক ছাত্র বিষয়টি তার অভিভাবকদের অবহিত করলে সব ফাঁস হয়ে পড়ে।